# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ১০ আগস্ট ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

## ২০২৬ সালের এসএসসি পরীক্ষায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের সাফল্য

২০২৬ সালের এসএসসি পরীক্ষায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। এ বছর এ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট ৬৫১ জন ছাত্র এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে। পাশের হার শতকরা ৯৯.৬৯। জিপিএ-৫ পেয়েছে ৪০০ জন। জিপিএ-৫ প্রাপ্তির শতকরা হার ৬১.৪৪।

এ বছরের প্রশংসনীয় সাফল্যের মূলে রয়েছে প্রতিষ্ঠানের অভিজ্ঞ ও দূরদৃষ্টিসম্পন্ন বোর্ড অব গভর্নরস ও কলেজের সুদক্ষ অধ্যক্ষের সুযোগ্য নেতৃত্বের যথাযথ দিকনির্দেশনা। পরীক্ষার্থীদের লেখাপড়া ও শৃঙ্খলার মানোন্নয়নের লক্ষ্যে বর্তমান অধ্যক্ষ কর্তৃক গৃহীত গ্রুপটিচার ব্যবস্থা প্রবর্তন, গ্রুপটিচার কর্তৃক ছাত্রদের পাঠোন্নতির নিয়মিত মনিটরিং, নিয়মিত শ্রেণিপাঠদানের পাশাপাশি অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থীদের অতিরিক্ত শ্রেণিপাঠদান ইত্যাদি বিষয় এ বছরের প্রশংসনীয় ফলাফল অর্জনে সহায়ক হয়েছে। শিক্ষকমণ্ডলীর আন্তরিক প্রচেষ্টা ও উন্নত শ্রেণিপাঠদান, অভিভাবকবৃন্দের সচেতনতা ও তত্ত্বাবধান এবং সর্বোপরি ছাত্রদের একনিষ্ঠ অধ্যয়ন ও ভালো ফলাফল করার ঐকান্তিক প্রচেষ্টা এসএসসি পরীক্ষার প্রশংসনীয় ফলাফলের নেপথ্যে বিশেষ ভূমিকা পালন করেছে বলে কলেজ কর্তৃপক্ষ মনে করেন।

আমীমুল ইহসান

**মুহাঃ আমীমুল ইহসান**
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ০৯ আগস্ট ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

## দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত '16th e-ICON World Contest' এ ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের টিম (অরূপ-বিট) মাধ্যমিক ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয়।

দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত দক্ষিণ কোরিয়ার শিক্ষা মন্ত্রনালয় আয়োজিত **'16th e-ICON World Contest'** এ পৃথিবীর মোট ৩৭ দেশের ২৪২ টি প্রজেক্ট জমা হয়। যার মধ্যে মোট ১০টি প্রজেক্ট ফাইনালের জন্য নির্বাচিত হয়। ১০টি প্রজেক্ট ছিল বাংলাদেশ, ফিলিপাইন, থাইল্যান্ড, রুয়ান্ডা, মলদোভা, উজবেকিস্তান ও থাইল্যান্ড এর। প্রতিযোগিতার বিষয়বস্তু ছিল SDG3 এর বাস্তবায়নে ওয়েব অ্যাপ তৈরি করা। প্রতিযোগিতার ২টি ধাপ ছিল। প্রথম ধাপে বাংলাদেশের টিম কোরিয়া টিমের সাথে অনলাইনে কোলাবোরেশন ০১ জুলাই ২০২৬ থেকে ৩১ জুলাই ২০২৬ পর্যন্ত, দ্বিতীয় ধাপ ছিল সরাসরি দক্ষিণ কোরিয়ায় গমন করে প্রকল্প উপস্থাপন ০২ আগস্ট ২০২৬ থেকে ০৭ আগস্ট ২০২৬ পর্যন্ত। শিক্ষার্থীদের একজন শিক্ষকের তত্ত্বাবধায়নে ওয়েব অ্যাপের পরিকল্পনা ও তৈরি করে তার উপস্থাপন করতে হয়। উপস্থাপনের কয়টি ধাপ ছিল, প্রথম ধাপে পোস্টার ডিজাইন, তারপর প্রেজেন্টেশন ও ভিডিও এবং সর্বশেষ ব্যবহারিক উপস্থাপনা।

গত ৭ আগস্ট ২০২৬ চূড়ান্ত প্রতিযোগিতায় দক্ষিণ কোরিয়ার ০৩টি বিখ্যাত বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ও স্যামসং এর উর্ধ্বতন কর্মকর্তার বিচারিক শ্রেষ্ঠত্বে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের টিম (অরূপ-বিট) মাধ্যমিক ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয়। সেখানে শিক্ষক হিসেবে ছিলেন কলেজের আইসিটি বিভাগের প্রভাষক সৈয়দ মাহবুব হাসান আমিরী, শিক্ষার্থী ছিল দ্বাদশ শ্রেণির মো. শফিউল আলম সিদ্দিকী শ্রেষ্ঠ এবং এসএসসি ২০২৬ এর পরীক্ষার্থী অরণ্য আবীর খান প্রাপ্য।

অরূপ-বিট টিমের ওয়েব অ্যাপের বিষয়বস্তু ছিল SDG3 বাস্তবায়নের জন্য শিক্ষার্থীদের স্ক্রিন টাইম কমিয়ে আনা। SDG3 এর পর্ব ৩.৪ এবং 3.D বাস্তবায়ন। অরূপ-বিট টিমের ওয়েব অ্যাপের নাম হলো 'লাইট হাউজ'। বর্তমানে লাইট হাউজ অ্যাপটি arupbit.com এ পাওয়া যায়। এখানে উল্লেখযোগ্য ছিল ওয়েব অ্যাপের সাথে শিক্ষার্থীদের স্ক্রিন টাইম কমানোর জন্য একটি এআই হার্ডওয়্যার ব্যবহার করা, যা শিক্ষার্থীদের কে সব সময় তাদের কাজে অ্যাসিস্ট করে থাকে। যেন কোনক্রমে কোন শিক্ষার্থী অতিরিক্ত লোড নিয়ে সমস্যায় না পড়ে এবং অ্যাপটি স্ক্রিন থেকে দূরে রাখতে সহায়তা করে।

আমীমুল ইহসান

মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

**ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ**
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ০৫ আগস্ট ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে ০৫ আগস্ট ২০২৬ তারিখ বুধবার **'জুলাই গণ-অভ্যুত্থান দিবস-২০২৬'** উদ্‌যাপন যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠিত হয়। এ উপলক্ষ্যে রচনা লিখন, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন, উপাধ্যক্ষবৃন্দ, ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উপর্যুক্ত প্রতিযোগিতায় কলেজের শিক্ষার্থীরা ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি 'ক' গ্রুপ এবং নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত 'খ' গ্রুপে বিভক্ত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। চিত্রাঙ্কন প্রতিযোগিতায় 'ক' গ্রুপের শিক্ষার্থীদের বিষয় ছিল 'জুলাই আন্দোলন' ও 'খ' গ্রুপের শিক্ষার্থীদের বিষয় ছিল 'জুলাই আন্দোলনের চেতনা ও দেশপ্রেম'। কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় 'ক' গ্রুপের শিক্ষার্থীরা কবি আমিনুল ইসলাম সৈকতের 'জুলাই বিপ্লব' এবং 'খ' গ্রুপের শিক্ষার্থীরা কবি হাসান রোবায়েতের 'সিঁথি' কবিতা আবৃত্তি করে। রচনা প্রতিযোগিতায় 'ক' গ্রুপের শিক্ষার্থীরা 'জুলাই গণ-অভ্যুত্থান ও দেশপ্রেম' এবং 'খ' গ্রুপের শিক্ষার্থীরা 'জুলাই গণ-অভ্যুত্থান ও বৈষম্যহীন বাংলাদেশ গঠনের প্রত্যয়' বিষয়ে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। আলোচনা অনুষ্ঠানে কলেজের শিক্ষার্থী, শিক্ষক, উপাধ্যক্ষ ও অধ্যক্ষ বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানশেষে প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কার প্রদান করা হয়।

আমীমুল ইহসান
**মুহাঃ আমীমুল ইহসান**
**জনসংযোগ কর্মকর্তা**

**ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ**

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭


ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ১৮ জুলাই ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে **জুলাই গণঅভ্যুত্থান স্মরণ ও শহিদ মোহাম্মদ ফারহানুল ইসলাম ভূইয়া (ফারহান ফাইয়াজ)-এর দ্বিতীয় শাহাদাত বার্ষিকী উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠান 'আলোর পথযাত্রী'** ১৮ জুলাই ২০২৬ তারিখ শনিবার বিকাল ৫:০০ ঘটিকায় কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **জনাব ববি হাজ্জাজ,** এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শহিদ ফারহান ফাইয়াজ এর বাবা জনাব শহীদুল ইসলাম ভূঁইয়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন। আরও উপস্থিত ছিলেন শহিদ ফারহান ফাইয়াজ এর পরিবারের সদস্যবৃন্দ, কলেজের উপাধ্যক্ষবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, প্রতিষ্ঠানের জুলাই গণঅভ্যুত্থানে আহত শিক্ষার্থীরা, প্রাক্তন ও বতর্মান শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উল্লেখ্য যে, ১৮ জুলাই ২০২৪ তারিখে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে পুরানো ধানমন্ডি-২৭ বর্তমান শহীদ ফারহান ফাইয়াজ সড়কে পুলিশের গুলিতে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের একাদশ শ্রেণির ছাত্র ফারহান ফাইয়াজ শহিদ হন। জুলাই গণঅভ্যুত্থান আমাদের জাতীয় জীবনের একটি স্মরণীয় অধ্যায়। এই আন্দোলনে বহু মানুষ জীবন উৎসর্গ করেছেন এবং অনেকে আহত হয়েছেন। তাঁদের অবদান ইতিহাসে স্মরণীয় হয়ে থাকবে।

এ অনুষ্ঠানে শহিদ ফারহান ফাইয়াজ স্মরণে বিশেষ আলোচনা সভা 'আলোর পথযাত্রী', বিপ্লবী গান ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রধান অতিথি, বিশেষ অতিথি ও কলেজের অধ্যক্ষ ছাড়াও অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন জুলাই বিপ্লবে আহত শিক্ষার্থীরা, শহিদ ফারহান ফাইয়াজের শ্রেণিশিক্ষক ও সহপাঠী।

আমীমুল ইহসান

**মুহাঃ আমীমুল ইহসান**

জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ০৮ জুন ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে ০৮ জুন ২০২৬ তারিখ সোমবার "জলবায়ু পরিবর্তন: আজকের পদক্ষেপ, আগামীর নিরাপত্তা" প্রতিপাদ্যে **বিশ্ব পরিবেশ দিবস-২০২৬** উদযাপন উপলক্ষ্যে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। কলেজের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের অংশগ্রহণে সকাল ০৯:০০ ঘটিকায় বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে কলেজ ক্যাম্পাসে এক সুবিশাল র‍্যালি অনুষ্ঠিত হয়। ছাত্ররা র‍্যালিতে পরিবেশ দিবসের বিভিন্ন স্লোগান সংবলিত ব্যানার, পোস্টার ও ফেস্টুন বহন করে। র‍্যালি শেষে কলেজ ক্যাম্পাসে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষের চারা রোপণ করা হয়। বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বিভিন্ন শ্রেণির ছাত্রদের মধ্যে চিত্রাংকন, রচনা, বিতর্ক ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের জ্যেষ্ঠ উপাধ্যক্ষ ফাতেমা জোহরা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওমেরা রিনিউবেল এনার্জি লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মাসুদুর রহিম। আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক, কলেজের শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা। জ্যেষ্ঠ উপাধ্যক্ষ তাঁর বক্তব্যে সমন্বিত উদ্যোগ, পরিবেশ সচেতনতা এবং দায়িত্বশীল আচরণের মাধ্যমে একটি সবুজ, নিরাপদ, বাসযোগ্য ও জলবায়ু-সহনশীল বাংলাদেশ গড়ে তোলার আহ্বান জানান। বিশেষ অতিথি তাঁর বক্তব্যে পরিবেশ রক্ষার জন্য উপস্থিত সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করার আহ্বান জানান। এছাড়াও রেমিয়েন্স নেচার এণ্ড আর্থ ক্লাব এর উদ্যোগে ১৯ মে ২০২৬ থেকে ২১ মে ২০২৬ তিনদিন ব্যাপী কলেজ ক্যাম্পাস থেকে প্লাস্টিক বর্জ্য অপসারণ কার্যক্রম সরাসরি শিক্ষার্থী কর্তৃক পরিচালিত হয়। একাজে উৎসাহিত করার লক্ষ্যে ছাত্র ও অভিভাবকদের জৈব কলম ও গাছের চারা প্রদান করা হয়।

আমীমুল ইহসান
**মুহাঃ আমীমুল ইহসান**
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ১৩ মে ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে নেট জিরো ক্যাম্পাস বাস্তবায়নের লক্ষ্যে **'On-Grid OPEX Model Solar system project (600 kWp)'** প্রকল্পের উদ্বোধন ১৩ মে ২০২৬ তারিখ বুধবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী **ড. আ ন ম এহছানুল হক মিলন**, এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্মানিত সচিব এবং এ কলেজের বোর্ড অব গভর্নরস এর সভাপতি **জনাব আবদুল খালেক**, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক **প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল**। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল **ড. মোহাম্মদ জাবের হোসেন**, **Omera Renewable Energy Limited** এর প্রতিনিধি, কলেজের উপাধ্যক্ষবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ, কলেজের শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা। **600kWp** ক্ষমতাসম্পন্ন **OPEX Model** এর **Solar panel** স্থাপন এর উদ্যোগ একটি পরিবেশবান্ধব ও অর্থসাশ্রয়ী বিদ্যুৎ প্রকল্প। এই প্রকল্প শুধু একটি প্রযুক্তিনির্ভর উদ্যোগ নয়; এটি টেকসই পরিবেশবান্ধব ও ভবিষ্যতমুখী বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নের একটি উজ্জ্বল পদক্ষেপ। প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্তে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের সাথে **Omera Renewable Energy Limited** এর আনুষ্ঠানিক চুক্তি সম্পাদিত হয়।

আর্মীমুল ইহসান
**মুহাঃ আর্মীমুল ইহসান**
জনসংযোগ কর্মকতা

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ১২ মে ২০২৬

## প্রেস বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক উদ্ভাবন ও রোবোটিক্স প্রতিযোগিতা Codeavour 7.0-এ অংশ নিতে ইন্দোনেশিয়া যাচ্ছে বাংলাদেশের শিক্ষার্থীরা। বিশ্বব্যাপী তরুণ উদ্ভাবক, রোবোটিক্স নির্মাতা এবং প্রযুক্তিনির্ভর সমস্যা সমাধানকারীদের অন্যতম বৃহৎ আন্তর্জাতিক প্রতিযোগিতা Codeavour 7.0-এ অংশগ্রহণের উদ্দেশ্যে বাংলাদেশ থেকে নির্বাচিত ছাত্রদের ১০টি দল আগামী ১৩ মে ২০২৬ তারিখে ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তার উদ্দেশ্যে যাত্রা করবে। আন্তর্জাতিক এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ১৬ ও ১৭ মে ২০২৬ তারিখ জাকার্তাস্থ Binus University-তে। Codeavour বিশ্বের অন্যতম বৃহৎ AI, Coding, Robotics ও Innovation Olympiad-এর আয়োজক যেখানে স্কুল ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীরা বাস্তব জীবনের সমস্যা সমাধানে প্রযুক্তিভিত্তিক উদ্ভাবনী প্রজেক্ট উপস্থাপন করে। প্রতিযোগিতাটির মূল ভিত্তি হলো জাতিসংঘ ঘোষিত Sustainable Development Goals (SDGs) বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা। শিক্ষার্থীরা স্বাস্থ্যসেবা, কৃষি, পরিবেশ, শিক্ষা, নিরাপত্তা, স্মার্ট সিটি, প্রতিবন্ধী সহায়তা, দুর্যোগ ব্যবস্থাপনা এবং জলবায়ু পরিবর্তনের মতো বৈশ্বিক সমস্যার প্রযুক্তিগত সমাধান তৈরির মাধ্যমে আন্তর্জাতিক বিচারকদের সামনে উপস্থাপন করে।

গত বছরের Codeavour আয়োজন ছিল অত্যন্ত সফল ও ব্যাপক অংশগ্রহণমূলক। আয়োজকদের প্রকাশিত তথ্য অনুযায়ী, বিশ্বের ৭০টিরও বেশি দেশে Codeavour-এর কার্যক্রম পৌঁছেছে। প্রতিযোগিতার বিভিন্ন ধাপে অংশগ্রহণ করেছে প্রায় ৭,৭১৩ জন শিক্ষার্থী এবং ১,৩০০-এর বেশি শিক্ষাপ্রতিষ্ঠান। এছাড়াও ৭০০ ঘণ্টারও বেশি প্রশিক্ষণ সেশন পরিচালিত হয়েছে এবং বিশ্বব্যাপী ৩৬টি ফিজিক্যাল ইভেন্ট আয়োজন করা হয়। একইসঙ্গে শিক্ষার্থীদের তৈরি ৬০০-র বেশি সামাজিক উদ্ভাবনী (Social Innovation) প্রজেক্ট আন্তর্জাতিকভাবে উপস্থাপিত হয়েছে- যা তরুণ প্রজন্মের প্রযুক্তিনির্ভর সৃজনশীলতার একটি শক্তিশালী উদাহরণ হিসেবে বিবেচিত হচ্ছে। বাংলাদেশ থেকে এবারের আয়োজনে মোট ১০টি দল অংশগ্রহণ করবে, এগুলোর মধ্যে ট্র্যাক-১ এ ৮টি দল এবং ট্র্যাক-৩ এ ২টি দল প্রতিযোগিতা করবে। অংশগ্রহণকারী দলগুলো জাতীয় পর্যায়ের বুটক্যাম্প, মূল্যায়ন কার্যক্রম এবং প্রতিযোগিতামূলক নির্বাচনের মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছে। দেশের বিভিন্ন অঞ্চল থেকে শতাধিক উদ্ভাবনী প্রকল্প জমা পড়ার পর সেরা দলগুলো আন্তর্জাতিক পর্যায়ের জন্য মনোনীত হয়। বাংলাদেশে Codeavour কার্যক্রম পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের Science Club -যা এবারের আয়োজনের বাংলাদেশ কান্ট্রি পার্টনার হিসেবে দায়িত্ব পালন করছে। দেশের তরুণ শিক্ষার্থীদের আন্তর্জাতিক STEM ও Innovation প্ল্যাটফর্মে অংশগ্রহণ নিশ্চিত করতে DRMC Science Club দীর্ঘদিন ধরে বিজ্ঞান, গবেষণা, রোবোটিক্স ও প্রযুক্তিভিত্তিক কার্যক্রম পরিচালনা করে আসছে।

এই আন্তর্জাতিক কার্যক্রম পরিচালিত হচ্ছে ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ-এর অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল **ড. মোহাম্মদ জাবের হোসেন** মহোদয়ের সার্বিক দিকনির্দেশনায় এবং DRMC Science Club-এর মডারেটর এ কে এম বদরুল হাসান-এর তত্ত্বাবধানে। বাংলাদেশের পক্ষ থেকে পুরো কার্যক্রমের দায়িত্ব পালন করছেন শিক্ষার্থী এল. এম. মাহির লাবিব। তাঁর নেতৃত্বে জাতীয় পর্যায়ের বুটক্যাম্প, প্রশিক্ষণ, টিম নির্বাচন, আন্তর্জাতিক প্রস্তুতি ও সমন্বয় কার্যক্রম সম্পন্ন হয়েছে। অংশগ্রহণকারী শিক্ষার্থীরা আন্তর্জাতিক মঞ্চে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পেয়ে অত্যন্ত উচ্ছ্বসিত। তারা বিশ্বাস করে, নিজেদের উদ্ভাবনী প্রযুক্তি ও গবেষণাভিত্তিক প্রজেক্টের মাধ্যমে বিশ্বমঞ্চে বাংলাদেশের তরুণ প্রজন্মের সক্ষমতা তুলে ধরতে সক্ষম হবে। সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন যে, Codeavour 7.0-এ বাংলাদেশের অংশগ্রহণ দেশের প্রযুক্তি শিক্ষা, STEM গবেষণা, উদ্ভাবনী সংস্কৃতি এবং আন্তর্জাতিক অ্যাকাডেমিক সহযোগিতার ক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করবে এবং ভবিষ্যৎ প্রজন্মকে প্রযুক্তিনির্ভর উদ্ভাবনে আরও অনুপ্রাণিত করবে।

আমীমুল ইহসান
**মুহাঃ আমীমুল ইহসান**
জনসংযোগ কর্মকর্তা

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ০৮ মে ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

'ডিআরএমসি অ্যাডভেঞ্চার এন্ড ট্যুর ক্লাব' কর্তৃক আয়োজিত **'১ম ইনট্রা ৫২ একর ড্যাশ-২০২৬'** ০৮ মে ২০২৬ তারিখ শুক্রবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলেজের জ্যেষ্ঠ উপাধ্যক্ষ ফাতেমা জোহরা, ক্লাবসমূহের সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোঃ জাহেদুল হক, কলেজের অ্যাডভেঞ্চার এন্ড ট্যুর ক্লাবের মডারেটর প্রভাষক মু. ওমর ফারুক, এ প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র ও অভিভাবকমণ্ডলী।

সবুজ-শ্যামলিমাময় কলেজ ক্যাম্পাসে ৫৫০০ মিটারের ম্যারাথনে কলেজের বর্তমান ও প্রাক্তন ছাত্র এবং শিক্ষকসহ মোট ১৫০ জন প্রতিযোগি অংশগ্রহণ করে। উক্ত ম্যারাথনে চ্যাম্পিয়ন হয় কলেজের একাদশ শ্রেণির ছাত্র জুবায়ের আহমেদ, প্রথম রানারআপ হয় কলেজের প্রভাষক এম মাহফুজুল হক, দ্বিতীয় রানারআপ হয় কলেজের প্রাক্তন ছাত্র রাহাত আনোয়ার। বিজয়ীদের পদক ও পুরস্কার প্রদান করা হয়। এছাড়া অংশগ্রহণকারী প্রতিযোগিদের পদক ও সার্টিফিকেট প্রদান করা হয়। শিক্ষার্থীদের মানসিক ও শারীরিক উৎকর্ষ সাধনের জন্য এ আয়োজন বিশেষ ভূমিকা রাখবে বলে ডিআরএমসি অ্যাডভেঞ্চার এন্ড ট্যুর ক্লাব মনে করে।

আর্মীমুল ইহসান

মুহাঃ আর্মীমুল ইহসান
জনসংযোগ কর্মকতা

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ২০ এপ্রিল ২০২৬

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ কর্তৃক আয়োজিত '৬৬তম বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬' এর সমাপনী ও পুরস্কার প্রদান কলেজ বটমূলে ২০ এপ্রিল ২০২৬ তারিখ সোমবার অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক কবি ও মিডিয়া ব্যক্তিত্ব শেখ রেজাউদ্দিন আহমেদ স্টালিন। কলেজের অধ্যক্ষ মহোদয়ের সহধর্মিণী, উপাধ্যক্ষবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক, সাংস্কৃতিক প্রতিযোগিতার আহ্বায়ক সহযোগী অধ্যাপক ড. রানী নাছরীন, অভিভাবকমণ্ডলী, ছাত্র, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, সংস্কৃতি একটি জাতির আত্মার প্রতিচ্ছবি। ভাষা, সাহিত্য, সংগীত, নৃত্য, নাটক, চিত্রকলা সবকিছু মিলেই একটি জাতির পরিচয় গড়ে ওঠে। আমাদের সংস্কৃতি হাজার বছরের ঐতিহ্যে সমৃদ্ধ যার স্বকীয়তা অটুট রাখতে এ ধরনের সাংস্কৃতিক প্রতিযোগিতা বিশেষ ভূমিকা পালন করে। ভালো মানুষ হওয়ার জন্য সাহিত্য-সংস্কৃতির চর্চা করা খুব জরুরি। নৈতিক মূল্যবোধ জাগরণের জন্য পাঠ্যবইয়ের বাইরে বেশি বেশি বই পড়তে হবে।

কলেজ বটতলা ও অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় সপ্তাহব্যাপী এ প্রতিযোগিতায় কলেজের ০৭টি হাউসের শিক্ষার্থীদের কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, গল্প বলা, ধারাবাহিক গল্পবলা, একক ও দলীয় অভিনয়, ছড়াগান, দেশাত্মবোধক গান, রবীন্দ্র-সঙ্গীত, নজরুল-সঙ্গীত, আধুনিক সঙ্গীত, পল্লীগীতি, সমকালীন সঙ্গীত, দেয়াল পত্রিকা এবং চারু ও কারুকলা বিষয়ে অংশগ্রহণকারী বিজয়ী প্রতিযোগীদের নানান পরিবেশনা এবং পুরস্কার প্রদান। বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় জুনিয়র শাখার ০৩টি হাউসের মধ্যে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে বিজ্ঞানী ড. কুদরত-ই-খুদা হাউস এবং রানারআপ হয়েছে জসীমউদ্‌দীন হাউস। সিনিয়র শাখার ০৪টি হাউসের মধ্যে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে লালন শাহ হাউস এবং রানারআপ হয়েছে নজরুল ইসলাম হাউস।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ১৪ এপ্রিল ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ কর্তৃক আয়োজিত '৬৬তম বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬' এবং 'বাংলা নববর্ষ-১৪৩৩ উদযাপন' কলেজ বটমূলে ১৪ এপ্রিল ২০২৬ তারিখ মঙ্গলবার শুরু হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন। বিশেষ অতিথি ছিলেন অধ্যক্ষপত্নী নাহিদ শামীম রূপা। কলেজের এ সাংস্কৃতিক প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদেরকে আমাদের নিজস্ব সংস্কৃতি জানতে অনুপ্রাণিত করা এবং স্বকীয় গুণাবলি আরো ঋদ্ধ হওয়ার মাধ্যমে পড়াশুনার পাশাপাশি তাদের অন্যান্য প্রতিভা বিকাশে সহায়ক ভূমিকা পালন করবে বলে প্রধান অতিথি আশা প্রকাশ করেন। কলেজের উপাধ্যক্ষবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক, সাংস্কৃতিক প্রতিযোগিতার আহ্বায়ক সহযোগী অধ্যাপক ড. রানী নাছরীন, অভিভাবকমণ্ডলী, ছাত্র, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক প্রতিযোগিতা ও শুভ নববর্ষ উপলক্ষ্যে রঙ-বেরঙের পতাকা, বেলুন ও ফেস্টুন দ্বারা সজ্জিত করা হয় কলেজ প্রাঙ্গণ। সবুজ-শ্যামলিমায় আবৃত সুবিশাল কলেজ ক্যাম্পাস হয়ে ওঠে নান্দনিক সৌন্দর্যে সমৃদ্ধ অতুলনীয় এক ভুবন। চারদিন ব্যাপী বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় কলেজের ০৭ টি হাউসের শিক্ষার্থীরা কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, গল্প বলা, ধারাবাহিক গল্পবলা, একক ও দলীয় অভিনয়, ছড়াগান, দেশাত্মবোধক গান, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত, আধুনিক সঙ্গীত, পল্লীগীতি, সমকালীন সঙ্গীত, লোক সঙ্গীত, যন্ত্র সঙ্গীত, সংবাদ পাঠ, দেয়াল পত্রিকা এবং চারু ও কারুকলা বিষয়ে অংশগ্রহণ করবে। ২০ এপ্রিল ২০২৬ তারিখ সোমবার সমাপনী ও পুরস্কার প্রদান অনুষ্ঠিত হবে।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ১৩ এপ্রিল ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

**'ইস্টার্ন ব্যাংক পিএলসি প্রেজেন্টস্ ১৪তম ডিআরএমসি ন্যাশনালস-২০২৬'** এর সমাপনী ১৩ এপ্রিল ২০২৬ তারিখ সোমবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী **জনাব জহির উদ্দিন স্বপন**, এমপি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশ আজ সকল ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে। এই অগ্রযাত্রাকে আরও গতিশীল করতে প্রয়োজন সৃজনশীল, যুক্তিবাদী ও নৈতিক নেতৃত্ব। তোমাদের মাঝে আমি সেই সম্ভাবনা দেখতে পাচ্ছি। তোমরা শুধু বইয়ের জ্ঞানেই সীমাবদ্ধ থাকবে না বরং প্রশ্ন করবে, বিশ্লেষণ করবে এবং সাহসের সাথে নিজের মত প্রকাশ করবে। এই গুণগুলোই তোমাদেরকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে তুলবে। কলেজের অধ্যক্ষ তাঁর বক্তব্যে বলেন, বিতর্ক হলো একটি মূল্যবান বাকশিল্প। বিতর্কের মধ্য দিয়ে সত্যের স্বরূপ উন্মোচিত হয়। যুক্তিতর্কের কষ্টিপাথরে সত্যকে যাচাই করে নেওয়াই বিতর্কের মহত্তম উদ্দেশ্য। বিতর্ক উৎসবের মধ্য দিয়ে আমি এই উদ্দেশ্যের সার্বিক সফলতা কামনা করছি।

গত ১০ এপ্রিল ২০২৬ তারিখ শুক্রবার থেকে শুরু হওয়া চার দিনব্যাপী অনুষ্ঠিত এ বিতর্ক উৎসবে দেশের ৭০টি খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ১০৮টি দল, ৩৬টি আন্তঃস্কুল-কলেজ, ৩৬টি আন্তঃবিশ্ববিদ্যালয় ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৩৬টি ক্লাব দল-সেগমেন্টে প্রায় ৫০০ শিক্ষার্থী অংশগ্রহণ করে। যুক্তির লড়াইয়ে মেধার স্বাক্ষর রাখতে সারা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ আয়োজনে সমবেত হয়। এবারের প্রতিযোগিতার বিশেষ আকর্ষণ ছিল এর বৈচিত্র্যময় ফরম্যাট। বিতর্কগুলো আন্তর্জাতিক মানদণ্ড বজায় রেখে ব্রিটিশ পার্লামেন্টারি, অস্ট্রালস এবং ইউএডিসি ফরম্যাটে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক, ক্লাবসমূহের সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোঃ জাহেদুল হক, সহযোগী অধ্যাপক ও বিতর্ক উৎসবের আহ্বায়ক আসাদুল হক ও ডিআরএমসি ডিবেটিং সোসাইটির মডারেটর মো. মাঈদুল ইসলাম, আমন্ত্রিত অতিথিবৃন্দ, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র, শিক্ষক ও অভিভাবকমণ্ডলী।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকতা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ১১ এপ্রিল ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

**'৩য় ডিআরএমসি ন্যাশনাল ইসলামিক কালচারাল ফেস্টিভ্যাল ও বুক ফেয়ার-২০২৬'** এর সমাপনী ১১ এপ্রিল ২০২৬ শনিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রখ্যাত ইসলামী চিন্তাবিদ ড. মিজানুর রহমান আজহারী। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের হুইপ মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু, এমপি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন।

তিন দিনব্যাপী এ আয়োজন প্রতিভা বিকাশের এক বিস্তৃত মঞ্চ, যেখানে সৃজনশীলতা ও জ্ঞানের সমন্বয়ে গড়ে উঠে এক অনন্য পরিবেশ। এই উৎসবে এবারের মূলমন্ত্র 'হাইয়্যা আলাল ফালাহ' (এসো কল্যাণের পথে), যা ইভেন্টের সার্বিক লক্ষ্য-উদ্দেশ্যের পরিচায়ক। উৎসবে অনলাইন ও অফলাইনে অংশ নেয়ার জন্য ছিল মোট ৩২টি প্রতিযোগিতামূলক সেগমেন্ট, যেখানে অংশগ্রহণকারীরা তাদের জ্ঞান, প্রকাশভঙ্গি ও সৃজনশীলতার সর্বোচ্চ প্রয়োগের সুযোগ পায়। কুরআন তিলাওয়াত, আজান, নাশীদ, উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি, ক্যালিগ্রাফি, টাইপোগ্রাফি, ওয়াল ম্যাগাজিন, পোস্টার ও স্ক্র্যাপবুক তৈরি, মেগা কুইজ, দলীয় ও একক কুইজ, বেঙ্গল মুসলিম হেরিটেজ অলিম্পিয়াড, ওয়ার্ল্ড মুসলিম হেরিটেজ অলিম্পিয়াড, বাইত আল হিকমাহ অলিম্পিয়াড, স্পট দ্য ল্যান্ডমার্ক, প্রবন্ধ রচনা, ইতিহাস ভিত্তিক লেখনী, কনসেপচুয়াল স্টোরি রাইটিং, জুলাইলিপিসহ আরও নানা প্রতিযোগিতায় শতাধিক খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের দুই সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। এছাড়াও কলেজ প্রাঙ্গণে আয়োজন করা হয়েছিল তিন দিনব্যাপী ইসলামী বইমেলা। দেশের শীর্ষস্থানীয় প্রকাশনীগুলো এই মেলায় অংশগ্রহণ করে।

সমাপনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক, ক্লাবসমূহের সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোঃ জাহেদুল হক, উৎসবের আহ্বায়ক সহযোগী অধ্যাপক মুহাম্মদ সাইফুল ইসলাম, ডিআরএমসি ইসলামিক কালচারাল ক্লাবের মডারেটর প্রভাষক ইবরাহিম আল মামুন, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষক। নতুন প্রজন্মের কাছে ইসলামি সংস্কৃতি ছড়িয়ে দিয়ে শান্তিপূর্ণ নিরাপদ বাংলাদেশ গড়ার লক্ষ্যে এ আয়োজন।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ০৯ এপ্রিল ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

**'৩য় ডিআরএমসি ন্যাশনাল ইসলামিক কালচারাল ফেস্টিভ্যাল ও বুক ফেয়ার-২০২৬'** এর উদ্বোধন ০৯ এপ্রিল ২০২৬ বৃহস্পতিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট ইসলামিক স্কলার অধ্যাপক মোখতার আহমেদ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন।

তিন দিনব্যাপী এ আয়োজন প্রতিভা বিকাশের এক বিস্তৃত মঞ্চ, যেখানে সৃজনশীলতা ও জ্ঞানের সমন্বয়ে গড়ে উঠবে এক অনন্য পরিবেশ। এই উৎসবে এবারের মূলমন্ত্র 'হাইয়্যা আলাল ফালাহ' (এসো কল্যাণের পথে), যা ইভেন্টের সার্বিক লক্ষ্য-উদ্দেশ্যের পরিচায়ক। উৎসবে অনলাইন ও অফলাইনে অংশ নেয়ার জন্য রয়েছে মোট ৩২টি প্রতিযোগিতামূলক সেগমেন্ট, যেখানে অংশগ্রহণকারীরা তাদের জ্ঞান, প্রকাশভঙ্গি ও সৃজনশীলতার সর্বোচ্চ প্রয়োগের সুযোগ পাবে। কুরআন তিলাওয়াত, আজান, নাশীদ, উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি, ক্যালিগ্রাফি, টাইপোগ্রাফি, ওয়াল ম্যাগাজিন, পোস্টার ও স্ক্র্যাপবুক তৈরি, মেগা কুইজ, দলীয় ও একক কুইজ, বেঙ্গল মুসলিম হেরিটেজ অলিম্পিয়াড, ওয়ার্ল্ড মুসলিম হেরিটেজ অলিম্পিয়াড, বাইত আল হিকমাহ অলিম্পিয়াড, স্পট দ্য ল্যান্ডমার্ক, প্রবন্ধ রচনা, ইতিহাস ভিত্তিক লেখনী, কনসেপচুয়াল স্টোরি রাইটিং, জুলাইলিপিসহ আরও নানা প্রতিযোগিতায় শতাধিক খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের দুই সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করবে। এছাড়াও কলেজ প্রাঙ্গণে আয়োজন করা হয়েছে তিন দিনব্যাপী ইসলামী বইমেলা। দেশের শীর্ষস্থানীয় প্রকাশনীগুলো এই মেলায় অংশগ্রহণ করছে।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, পরীক্ষা নিয়ন্ত্রক, ক্লাবসমূহের সমন্বয়ক সহযোগী অধ্যাপক মোঃ জাহেদুল হক, উৎসবের আহ্বায়ক সহযোগী অধ্যাপক মুহাম্মদ সাইফুল ইসলাম, ডিআরএমসি ইসলামিক কালচারাল ক্লাবের মডারেটর প্রভাষক ইবরাহিম আল মামুন, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষক। নতুন প্রজন্মের কাছে ইসলামি সংস্কৃতি ছড়িয়ে দিয়ে শান্তিপূর্ণ নিরাপদ বাংলাদেশ গড়ার লক্ষ্যে এ আয়োজন। আগামী ১১ এপ্রিল ২০২৬ শনিবার এ আয়োজনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রখ্যাত ইসলামী চিন্তাবিদ ড. মিজানুর রহমান আজহারী। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ জাতীয় সংসদের হুইপ মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু, এমপি।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ০৪ এপ্রিল ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

**২য় ডিআরএমসি জাতীয় সাংস্কৃতিক উৎসব-২০২৬ 'আনন্দধারা'** এর সমাপনী ০৪ এপ্রিল ২০২৬ শনিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **জনাব ববি হাজ্জাজ,** এমপি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন।

চারদিন ব্যাপী এ উৎসবে বুক বেস্‌ড অলিম্পিয়াড, সলো অ্যাক্টিং, মিমি অ্যাক্ট, বিটবক্সিং চ্যালেঞ্জ, পপ কালচারাল কুইজ, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, লোকসংগীত, হ্যান্ডমেড ক্রাফটিং, স্ক্র্যাপবুক, ফক হিস্টরি অলিম্পিয়াডসহ ২৬টি ইভেন্টে দেশের শতাধিক খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের দুই সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, উৎসবের আহ্বায়ক ক্লাবসমূহের সমন্বয়ক ও সহযোগী অধ্যাপক মোঃ জাহেদুল হক, রেমিয়ানস কালচারাল ক্লাবের মডারেটর প্রভাষক মোঃ তারিকুল ইসলাম, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষকবৃন্দ। শিক্ষার্থীদের মধ্যে নিজস্ব সংস্কৃতির প্রতি আগ্রহ তৈরি করা, সংস্কৃতির সাথে পরিচিত হওয়া, সাংস্কৃতিক জ্ঞান বৃদ্ধি করা, সমৃদ্ধ সংস্কৃতি গড়ে তুলে দেশকে বিশ্বে একটি স্বতন্ত্র পরিচয় দেওয়ার চেষ্টা করা এ আয়োজনের উদ্দেশ্য।

আমীমুল ইহসান

**মুহাঃ আমীমুল ইহসান**
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ০২ এপ্রিল ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

**২য় ডিআরএমসি জাতীয় সাংস্কৃতিক উৎসব-২০২৬ 'আনন্দধারা'** এর উদ্বোধন ০২ এপ্রিল ২০২৬ বৃহস্পতিবার ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন।

চারদিন ব্যাপী এ উৎসবে বুক বেস্‌ড অলিম্পিয়াড, সলো অ্যাক্টিং, মিমি অ্যাক্ট, বিটবক্সিং চ্যালেঞ্জ, পপ কালচারাল কুইজ, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, লোকসংগীত, হ্যান্ডমেড ক্রাফটিং, স্ক্র্যাপবুক, ফক হিস্টরি অলিম্পিয়াডসহ ২৬টি ইভেন্টে দেশের শতাধিক খ্যাতনামা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের দুই সহস্রাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, উৎসবের আহ্বায়ক ক্লাবসমূহের সমন্বয়ক ও সহযোগী অধ্যাপক মোঃ জাহেদুল হক, রেমিয়ানস কালচারাল ক্লাবের মডারেটর প্রভাষক মোঃ তারিকুল ইসলাম, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ও শিক্ষকবৃন্দ। শিক্ষার্থীদের মধ্যে বাঙালি সংস্কৃতির প্রতি আগ্রহ তৈরি করা, সংস্কৃতির সাথে পরিচয় হওয়া, সাংস্কৃতিক জ্ঞান বৃদ্ধি করা, সমৃদ্ধ সংস্কৃতি গড়ে তুলে দেশকে বিশ্বে একটি স্বতন্ত্র পরিচয় দেওয়ার চেষ্টা করা এ আয়োজনের উদ্দেশ্য। আগামী ০৪ এপ্রিল ২০২৬ তারিখ শনিবার এই আয়োজনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী **জনাব ববি হাজ্জাজ,** এমপি।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ২৫ ফেব্রুয়ারি ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

## ২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের সাফল্য

২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। এ বছর এ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট ১৭৫ জন ছাত্র জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। তাদের মধ্যে মোট ৭৮ জন ছাত্র বৃত্তি পেয়েছে। ট্যালেন্ট পুলে বৃত্তি পেয়েছে ২২ জন এবং জেনারেল বৃত্তি পেয়েছে ৫৬ জন ছাত্র।

প্রতিষ্ঠানের দূরদৃষ্টিসম্পন্ন বোর্ড অব গভর্নরস ও কলেজের সুদক্ষ অধ্যক্ষের সুযোগ্য নেতৃত্বের যথাযথ দিকনির্দেশনা, শিক্ষকমণ্ডলীর আন্তরিক প্রচেষ্টা ও উন্নত শ্রেণিপাঠদান, অভিভাবকবৃন্দের সচেতনতা ও তত্ত্বাবধান এবং সর্বোপরি ছাত্রদের একনিষ্ঠ অধ্যয়ন ও ঐকান্তিক প্রচেষ্টা এ প্রশংসনীয় সাফল্যের নেপথ্যে বিশেষ ভূমিকা পালন করেছে বলে কলেজ কর্তৃপক্ষ মনে করেন।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ২১ ফেব্রুয়ারি ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে যথাযোগ্য মর্যাদায় **মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৬** উদ্‌যাপিত হয়। এ উপলক্ষ্যে এ প্রতিষ্ঠান বিভিন্ন কর্মসূচির আয়োজন করে। এসব কর্মসূচির মধ্যে ছিল প্রত্যুষে অনুষ্ঠানের প্রধান অতিথি কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন এর নেতৃত্বে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত করে উত্তোলন, ৫২'র ভাষা আন্দোলনে শহিদদের স্মৃতির উদ্দেশ্যে প্রভাতফেরি পালন এবং ভাষা শহিদদের রুহের মাগফিরাত কামনা করে মুনাজাত।

কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সম্পর্কে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়াও রেমিয়ান ল্যাঙ্গুয়েজ ক্লাবের আয়োজনে অনুষ্ঠিত হয় শিক্ষার্থীদের কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, গল্প বলা, একুশে অলিম্পিয়াড ও ক্যালিওগ্রাফি প্রতিযোগিতা।

আমীমুল ইহসান
**মুহাঃ আমীমুল ইহসান**
জনসংযোগ কর্মকর্তা

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ১৭ ফেব্রুয়ারি ২০২৬

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রস্তুতি বিষয়ে সঠিক দিকনির্দেশনা প্রদান এবং ভর্তি পরীক্ষার সামগ্রিক প্রক্রিয়া সম্পর্কে স্পষ্ট ধারণা দেওয়ার উদ্দেশ্যে ডিআরএমসি বিজনেস অ্যান্ড ক্যারিয়ার ক্লাবের উদ্যোগে এডমিশন গাইডেন্স ওয়ার্কশপ 'মিশন এডমিশন' ১৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মঙ্গলবার কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন। এছাড়া উপস্থিত ছিলেন ক্লাবসমূহের সমন্বয়ক ও সহযোগী অধ্যাপক মো: জাহেদুল হক এবং ক্লাবের মডারেটর হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক জাফর ইকবাল।

অনুষ্ঠানে বিশেষ বক্তা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং অ্যান্ড ইন্সুরেন্স বিভাগের প্রভাষক মোঃ জহির রায়হান এবং অপরাধবিজ্ঞান বিভাগের প্রভাষক ফাহিন রহমান অঙ্কিতা। আরো বক্তব্য রাখেন ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'গ' ইউনিটে প্রথম স্থান অধিকারী তাসনিম সুলতান হিমেল। বক্তারা কলেজ জীবন থেকেই কীভাবে পরিকল্পিতভাবে প্রস্তুতি নেওয়া যায় তার বাস্তবধর্মী নির্দেশনা, বিভিন্ন ইউনিট এ কোন কোন বিষয় গুরুত্বপূর্ণ এবং কোন টপিকগুলোতে বেশি গুরুত্ব দিতে হবে, সময় ব্যবস্থাপনা, পরীক্ষার কৌশল বিষয়ে কার্যকর পরামর্শ, শিক্ষার্থীদের মধ্যে আত্মবিশ্বাস, লক্ষ্য নির্ধারণ, সুশৃঙ্খল প্রস্তুতির মানসিকতা তৈরি ও কার্যকর স্ট্র্যাটেজি শেয়ার করেন যাতে শিক্ষার্থীরা সঠিক দিকনির্দেশনা পেয়ে নিজেদের প্রস্তুতিকে আরও শক্তিশালী করতে পারে। শিক্ষক, অভিভাবক ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ কলেজের প্রাক্তন শিক্ষার্থীসহ প্রায় দুই শতাধিক শিক্ষার্থীর উপস্থিতিতে আয়োজিত এই ওয়ার্কশপটি ছিল অত্যন্ত সুশৃঙ্খল ও অংশগ্রহণমূলক।

আমীমুল ইহসান

মুহাঃ আমীমুল ইহসান

জনসংযোগ কর্মকর্তা

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ২৩ জানুয়ারি ২০২৬

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অত্যন্ত আকর্ষণীয় ও উৎসাহব্যঞ্জক পরিবেশে 'ইউনাইটেড হেলথ্কেয়ার প্রেজেন্টস ১৭তম ডিআরএমসি ন্যাশনাল সায়েন্স এণ্ড কোডেভার ৭.০ কার্নির্ভাল-২০২৬' এর সমাপনী অনুষ্ঠান ২৩ জানুয়ারি ২০২৬ তারিখ শুক্রবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ সাইদুর রহমান খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন। আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, টাইটেল স্পন্সর ইউনাইটেড হেলথ্কেয়ার এর প্রতিনিধি আরিফুল হক, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
এ বিজ্ঞান মেলায় ঢাকা মহানগরীসহ সারা দেশের দুই শতাধিক স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের কয়েক হাজার ছাত্র-ছাত্রীর অংশগ্রহণে উৎসবমুখর হয়ে ওঠে কলেজ ক্যাম্পাস। তিনদিন ব্যাপী এই বিজ্ঞান উৎসবের আয়োজনে কোডেভার ৭.০, প্রজেক্ট ডিসপ্লে, দেয়াল পত্রিকা, স্ক্র্যাপ বুক ডিসপ্লে, বাজারব্লিটস, মিনি সুমো, এফওয়ান রেসিং, ড্রোন রেসিং, ফটোগ্রাফি প্রদর্শনী, অলিম্পিয়াডস, আইকিউ টেস্ট, গেইমিং কনটেস্ট, লাইন ফলোইং, কুইজ ও রোবোটিক প্রদর্শনী প্রতিযোগিতা অন্তর্ভুক্ত ছিল। প্রাইমারি ক্যাটাগরিতে অংশ নেয় তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরা, জুনিয়র ক্যাটাগরিতে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা, সেকেন্ডারি ক্যাটাগরিতে নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীরা, সিনিয়র ক্যাটাগরিতে একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা এবং বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষার্থীরা পৃথক পৃথক ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশ নেয়। প্রতিটি ক্যাটাগরির জন্য ভিন্ন ভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়।

অনুষ্ঠানের প্রধান অতিথি দেশের বিভিন্ন স্বনামধন্য শিক্ষাপ্রতিষ্ঠান হতে আগত ক্ষুদে বিজ্ঞানীদের অভিনন্দন জানান। তিনি আশাবাদ ব্যক্ত করেন এ অনন্য আয়োজন শিক্ষার্থীদের বিজ্ঞানচর্চায় অগ্রণী ভূমিকা পালন করবে এবং বিজ্ঞানচর্চায় উদ্বুদ্ধ হয়ে দেশ ও জাতির কল্যাণে নিজেদেরকে নিয়োজিত রাখার আহবান জানান।

আসীমুল ইহসান
মুহাঃ আসীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ১৭ জানুয়ারি ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের ৬৬তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১১ জানুয়ারি ২০২৫ তারিখ রবিবার শুরু হয়। ১৭ জানুয়ারি ২০২৬ তারিখ শনিবার বিকাল ২:৩০ ঘটিকায় এ প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার প্রদান অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাননীয় সচিব এবং ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের বোর্ড অব গভর্নরস এর চেয়ারম্যান জনাব রেহানা পারভীন। বিশেষ অতিথি ছিলেন কলেজের অধ্যক্ষপত্নী নাহিদ শামীম রূপা। এছাড়া কলেজের বোর্ড অব গভর্নরস এর সম্মানিত সদস্যবৃন্দ, বিভিন্ন মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, ঢাকা মহানগরীর সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের প্রধানগণ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, এ কলেজের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সম্মানিত অভিভাবকমণ্ডলী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ক্রীড়া প্রতিযোগিতায় জুনিয়র শাখায় চ্যাম্পিয়ন হয় শিল্পাচার্য জয়নুল আবেদিন হাউস এবং রানার্স আপ হয় ড. কুদরত-ই-খুদা হাউস। সিনিয়র শাখায় চ্যাম্পিয়ন হয় ড. মুহম্মদ শহীদুল্লাহ হাউস এবং রানার্স আপ হয় ফজলুল হক হাউস। জুনিয়র শাখায় সেরা খেলোয়াড় হওয়ার গৌরব অর্জন করে অষ্টম শ্রেণির ছাত্র সিয়াম আহসান এবং সিনিয়র শাখায় সেরা খেলোয়াড় হওয়ার গৌরব অর্জন করে যৌথভাবে নবম শ্রেণির ছাত্র আবরার আল নাহিয়ান রাফসান ও একাদশ শ্রেণির ছাত্র আব্দুল্লাহ সৈকত।

ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী দিবস উপলক্ষ্যে রঙ-বেরঙের পতাকা, বেলুন এবং ফেস্টুনশোভিত সবুজ-শ্যামলিমাময় সুবিশাল কলেজ ক্যাম্পাস হয়ে ওঠে নান্দনিক সৌন্দর্যে অতুলনীয়। ছাত্রদের পরিবেশিত মনোমুগ্ধকর কুচকাওয়াজ, শারীরিক কসরত, দৃষ্টিনন্দন ব্যান্ড ডিসপ্লে এবং অসাধারণ ক্রীড়ানৈপুণ্য উপস্থিত সকলকে মুগ্ধ করে।

সম্মানিত প্রধান অতিথি তাঁর ভাষণে ছাত্রদেরকে জ্ঞান অর্জনের পাশাপাশি ক্রীড়া ও অন্যান্য সহশিক্ষামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে উন্নত সমৃদ্ধ বাংলাদেশের যোগ্য নাগরিক হিসেবে নিজেদেরকে গড়ে তোলার পরামর্শ দেন। কলেজের অধ্যক্ষ ও অনুষ্ঠানের সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন ছাত্রদেরকে শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনের জন্য লেখাপড়ার পাশাপাশি সর্বক্ষেত্রে শৃঙ্খলার প্রতি মনোযোগী হওয়ার ও খেলোয়াড়সুলভ মনোভাব নিয়ে ক্রীড়াচর্চার এবং সম্মানিত অভিভাবকমণ্ডলীকে প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে আন্তরিকভাবে সহযোগিতা করার আহ্বান জানান। তিনি অনুষ্ঠানের সফল সমাপ্তির জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ১১ জানুয়ারি ২০২৬

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের ৬৬তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ১১ জানুয়ারি ২০২৬ তারিখ রবিবার কলেজ মাঠে শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন। বিশেষ অতিথি ছিলেন অধ্যক্ষপত্নী নাহিদ শামীম রূপা। প্রধান অতিথি ছাত্রদেরকে শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনের জন্য লেখাপড়ার পাশাপাশি সর্বক্ষেত্রে শৃঙ্খলার প্রতি মনোযোগী হওয়ার এবং খেলোয়াড়সুলভ মনোভাব নিয়ে ক্রীড়াচর্চার আহ্বান জানান। কলেজের জুনিয়র তিনটি ও সিনিয়র চারটি হাউসের ছাত্ররা হাউসভিত্তিক এবং তৃতীয় থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা শ্রেণিভিত্তিক বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করবে।

আগামী ১৭ জানুয়ারি ২০২৬ তারিখ শনিবার বিজয়ী ছাত্রদেরকে পুরস্কার প্রদানের মাধ্যমে সপ্তাহব্যাপী এ বর্ণাঢ্য আয়োজনের সমাপ্তি ঘটবে। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের মাননীয় সচিব এবং ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের বোর্ড অব গভর্নরস এর চেয়ারম্যান জনাব রেহানা পারভীন।

আমীমুল ইহসান

মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ২১ জানুয়ারি ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে অত্যন্ত আকর্ষণীয় ও উৎসাহব্যঞ্জক পরিবেশে **'ইউনাইটেড হেলথ্‌কেয়ার প্রেজেন্টস ১৭তম ডিআরএমসি ন্যাশনাল সায়েন্স এণ্ড কোডেভার ৭.০ কার্নিভাল-২০২৬'** ২১ জানুয়ারি ২০২৬ তারিখ বুধবার শুরু হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব **জনাব মো: আনোয়ার হোসেন**। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন। আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, টাইটেল স্পন্সর ইউনাইটেড হেলথ্‌কেয়ার এর প্রতিনিধি ড. আজহারুল ইসলাম খান, সরকারি-বেসরকারি উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

এ বিজ্ঞান মেলায় ঢাকা মহানগরীসহ সারা দেশের দুই শতাধিক স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের কয়েক হাজার ছাত্র-ছাত্রীর অংশগ্রহণে উৎসবমুখর হয়ে ওঠে কলেজ ক্যাম্পাস। তিনদিন ব্যাপী এই বিজ্ঞান উৎসবের আয়োজনে কোডেভার ৭.০, প্রজেক্ট ডিসপ্লে, দেয়াল পত্রিকা, স্ক্র্যাপ বুক ডিসপ্লে, বাজারব্লিটস, মিনি সুমো, এফওয়ান রেসিং, ড্রোন রেসিং, ফটোগ্রাফি প্রদর্শনী, অলিম্পিয়াডস, আইকিউ টেস্ট, গেইমিং কনটেস্ট, লাইন ফলোইং, কুইজ ও রোবোটিক প্রদর্শনী প্রতিযোগিতা অন্তর্ভুক্ত রয়েছে। প্রাইমারি ক্যাটাগরিতে অংশ নেবে তৃতীয় থেকে পঞ্চম শ্রেণির শিক্ষার্থীরা, জুনিয়র ক্যাটাগরিতে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা, সেকেন্ডারি ক্যাটাগরিতে নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীরা, সিনিয়র ক্যাটাগরিতে একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা এবং বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষার্থীরা পৃথক পৃথক ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশ নেবে। প্রতিটি ক্যাটাগরির জন্য ভিন্ন ভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানের প্রধান অতিথি দুই শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠান এ বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করায় ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ কর্তৃপক্ষকে অভিনন্দন জানান। তিনি আশাবাদ ব্যক্ত করেন, এ মহতী আয়োজন থেকেই বেরিয়ে আসবে দেশের শ্রেষ্ঠ বিজ্ঞানীরা যারা একদিন দেশের সীমা অতিক্রম করে বিশ্বের বুকে বাংলাদেশকে তুলে ধরবে। তিনি উপস্থিত ছাত্র-ছাত্রীদেরকে বিজ্ঞানচর্চায় উদ্বুদ্ধ হয়ে দেশ ও জাতির কল্যাণে নিজেদেরকে নিয়োজিত করার আহবান জানান। আগামী ২৩ জানুয়ারি ২০২৬ তারিখ শুক্রবার তিনদিন ব্যাপি এ আয়োজনের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব **জনাব মোঃ সাইদুর রহমান খান**।

আমীমুল ইহসান
**মুহাঃ আমীমুল ইহসান**
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd

তারিখ : ০৯ মার্চ ২০২৬

# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজে 'নৈতিক শিক্ষা: আলোকিত জীবন' এই স্লোগানকে সামনে রেখে 'ডিআরএমসি ইসলামিক কালচারাল ক্লাব' ও 'এনলাইটেন্ড লাইফ ' কর্তৃক আয়োজিত **'এনলাইটেন্ড লাইফ প্রেজেন্টস রামাদান সামিট ৩.০'** ০৯ মার্চ ২০২৬ তারিখ সোমবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইবনে সিনা ফার্মাসিটিক্যালস্ এর ডিরেক্টর প্রফেসর ড. চৌধুরী মাহমুদ হাসান। বিশেষ অতিথি ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. হাফেজ মোহাম্মদ খাইরুল ইসলাম, বাদশাহ ফয়সাল ইনস্টিটিউটের অধ্যক্ষ লে. কর্নেল ড. একেএম মাকসুদুল হক ও এরিস্টোফার্মা লিমিটেড এর সিনিয়র ম্যানেজার আবু হেনা ফেরদৌস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন। আরও উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষবৃন্দ, এনলাইটেন্ড লাইফ এর মডারেটর কলেজের প্রভাষক জাহাঙ্গীর আলম, বিভিন্ন প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার প্রতিনিধিবৃন্দ, অভিভাবকমণ্ডলী, বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

এ সামিটে ঢাকা মহানগরীসহ সারা দেশের বিভিন্ন স্কুল-কলেজ এর ছাত্র-ছাত্রীর অংশগ্রহণে উৎসবমুখর হয়ে ওঠে কলেজ ক্যাম্পাস। প্রথম রমজান থেকে অনলাইনে এবং অদ্য দিন ব্যাপী কলেজে এই আয়োজনে মেগা ইসলামিক কুইজ, কুরআন তেলাওয়াত প্রতিযোগিতা, আযান প্রতিযোগিতা, ইসলামি সংগীত প্রতিযোগিতা, রমাদান সম্পর্কে বক্তব্য প্রতিযোগিতায় জুনিয়র ক্যাটাগরিতে তৃতীয় থেকে অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা, সিনিয়র ক্যাটাগরিতে নবম থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীরা অংশ নেয়। শিক্ষার্থীদের মাঝে মানবিক ও নৈতিক মূল্যবোধ জাগ্রতকরণ, সততা ও ন্যায় নিষ্ঠাসহ যাবতীয় প্রশংসনীয় কাজে উদ্বুদ্ধ করাই এই আয়োজনের উদ্দেশ্য।

মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ: ১৪ নভেম্বর ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি

**'ঐশী তান, মরমি আলাপন'** শিরোনামে রেমিয়ান্‌স কালচারাল ক্লাব আয়োজিত **'কাওয়ালি সন্ধ্যা-২০২৫'** ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ অডিটোরিয়ামে ১৪ নভেম্বর ২০২৫ তারিখ শুক্রবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন।

কাওয়ালি সন্ধ্যা উপভোগ করেন শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আগত প্রায় এক হাজার শিক্ষার্থী। এছাড়া উপস্থিত ছিলেন উপাধ্যক্ষবৃন্দ, ক্লাবসমূহের সমন্বয়ক ও সহযোগী অধ্যাপক মো: জাহেদুল হক, রেমিয়ান্‌স কালচারাল ক্লাবের মডারেটর ও প্রভাষক মো. তারিকুল ইসলাম, শিক্ষকমণ্ডলী ও কলেজের শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠানের সূচনালগ্নে কাওয়ালি তত্ত্ব পাঠ করেন ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের কালচারাল প্রিফেক্ট নাহিয়ান জামান সাম্য। তার বক্তব্যে উঠে আসে কাওয়ালির আধ্যাত্মিক শিকড়, সাংস্কৃতিক গুরুত্ব ও উপমহাদেশীয় সংগীতে এর প্রভাব। তিনি উল্লেখ করেন, কাওয়ালির বিনিময় আমাদের সংস্কৃতির বৈচিত্র্য ও উদারতার প্রতিফলন এবং তরুণ সমাজ এই সঙ্গীতধারাকে গভীরভাবে ধারণ করছে। পুরো অনুষ্ঠানটি নানা পরিবেশনা, আধ্যাত্মিক সুর ও মরমি আবহে এক অনন্য পরিবেশ সৃষ্টি করে। সুশৃঙ্খল আয়োজন, দর্শকদের উচ্ছ্বাস এবং অংশগ্রহণকারীদের স্বতঃস্ফূর্ততায় 'কাওয়ালি সন্ধ্যা' হয়ে ওঠে এক স্মরণীয় সাংস্কৃতিক উৎসবে।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা

ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ
(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)
(স্থাপিত : ১৯৬০ সাল)
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

ফোন : ০২৫৮১৫৩৭৭৪
ফ্যাক্স : ৫৮১৫৩৬৮২
ই-মেইল : admin@drmc.edu.bd
ওয়েব : www.drmc.edu.bd


তারিখ : ১৪ নভেম্বর ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি

'ঐশী তান, মরমি আলাপন' শিরোনামে রেমিয়ান্স কালচারাল ক্লাব আয়োজিত 'কাওয়ালি সন্ধ্যা-২০২৫' ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ অডিটোরিয়ামে ১৪ নভেম্বর ২০২৫ তারিখ শুক্রবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন।

কাওয়ালি সন্ধ্যা উপভোগ করেন শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আগত প্রায় এক হাজার শিক্ষার্থী। এছাড়া উপস্থিত ছিলেন উপাধ্যক্ষবৃন্দ, ক্লাবসমূহের সমন্বয়ক ও সহযোগী অধ্যাপক মোঃ জাহেদুল হক, রেমিয়ান্স কালচারাল ক্লাবের মডারেটর ও প্রভাষক মো. তারিকুল ইসলাম, শিক্ষকমণ্ডলী ও কলেজের শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠানের সূচনালগ্নে কাওয়ালি তত্ত্ব পাঠ করেন ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজের কালচারাল প্রিফেক্ট নাহিয়ান জামান সাম্য। তার বক্তব্যে উঠে আসে কাওয়ালির আধ্যাত্মিক শিকড়, সাংস্কৃতিক গুরুত্ব ও উপমহাদেশীয় সংগীতে এর প্রভাব। তিনি উল্লেখ করেন, কাওয়ালির বিনিময় আমাদের সংস্কৃতির বৈচিত্র্য ও উদারতার প্রতিফলন এবং তরুণ সমাজ এই সঙ্গীতধারাকে গভীরভাবে ধারণ করছে। পুরো অনুষ্ঠানটি নানা পরিবেশনা, আধ্যাত্মিক সুর ও মরমি আবহে এক অনন্য পরিবেশ সৃষ্টি করে। সুশৃঙ্খল আয়োজন, দর্শকদের উচ্ছ্বাস এবং অংশগ্রহণকারীদের স্বতঃস্ফূর্ততায় 'কাওয়ালি সন্ধ্যা' হয়ে ওঠে এক স্মরণীয় সাংস্কৃতিক উৎসবে।

আমীমুল ইহসান
মুহাঃ আমীমুল ইহসান
জনসংযোগ কর্মকর্তা